

কত যে তুমি মনোহর মনই তাহা জানে,  
হৃদয় মম থরোথরো কাঁপে তোমার গানে ॥  
আজিকে এই প্রভাতবেলা মেঘের সাথে রোদের খেলা,  
জলে নয়ন ভরোভরো চাহি তোমার পানে ॥  
আলোর অধীর ঝিলিমিলি নদীর চেউয়ে ওঠে,  
বনের হাসি খিলিখিলি পাতায় পাতায় ছোটে ।  
আকাশে ওই দেখি কী যে— তোমার চোখের চাহনি যে ।  
সুনীল সুধা ঝরোঝরো ঝরে আমার প্রাণে ॥

---

Parjaay: Prakriti, Taal: Dadra, Raag: Touri-Bhairavi  
Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail